# কাউন্সিল অফ মাইনোরিটিজ

## কার্য প্রতিবেদন

## জানুয়ারি ২০১৩ - ডিসেম্বর ২০১৩

COUNCIL OF MINORITIES

বাড়ি নং ১৮/৮, ব্লক-এফ, টিক্কাপাড়া, রিং রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭
মোবাইল নং : ০১৯১১-৪৭৯০৭৩
ই-মেইলঃ ***info@com-bd.org*** , ওয়েবঃ ***www.com-bd.org***

# কাউন্সিল অফ মাইনোরিটিজ

কাউন্সিল অফ মাইনোরিটিজ বাংলাদেশের বিভিনড়ব সংখ্যালঘু জনগোষ্ঠীর অধিকার প্রতিষ্ঠার লক্ষে কর্মরত একটি মানবাধিকার সংগঠন। এটি ২০১৩ সাল থেকে দেশের বিভিনড়ব জেলায় ছড়িয়ে থাকা ক্যাম্পে অবস্থিত উর্দূভাষী জনগোষ্ঠীর মেলিক মানবাধিকার সুরক্ষার কাজ করছে। সংগঠনটি আইনগত অধিকার প্রতিষ্ঠায় বিভিনড়ব স্থানের ক্যাম্পবাসীদের জন্মসনদ, মৃত্যুসনদ, পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র, ট্রেড লাইসেন্স, কমিশনার সার্টিফিকেট, ব্যাংক একাউন্ট ও থানায় সাধাণ ডায়েরি ইত্যাদি বিষয়ে সেচতনতা সৃষ্টি ও সেবাসমূহ পেতে জনগোষ্ঠীকে সহায়তা করে আসছে।

এছাড়াও, প্রতি বছর সংখ্যালঘু শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র ও শিক্ষা উপকরণ বিতরণ করে আসছে। সংখ্যালঘু যুব সম্প্রদায়কে মূলধারার সাথে সম্পৃক্ত করার লক্ষে কাউন্সিল অফ মাইনোরিটিজ প্রতি বছর যুব সামিটেরও আয়োজন করে থাকে।

কাউন্সিল অফ মাইনোরিটিজ' একটি মানবাধিকার সংস্থা হিসেবে বাংলাদেশে সংখ্যালঘু ও স্বদেশীয় অধিকার প্রতিষ্ঠার একটি বিশেষ লক্ষ্য নিয়ে গঠিত হয়। বাংলাদেশে আধিবাসি সম্প্রদায়, ধর্মীয় সম্প্রদায়, জাতিগত ও ভাষাগত সংখ্যালঘু সহ মোট ২৫টি উপজাতি বাংলাদেশে থাকে এবং বাংলাদেশ জাতিগত রাষ্ট্র নয় । সংখ্যগরিষ্ঠতার দিক থেকে বাংলাদেশ একটি মুসলিম ও বাঙ্গালী জাতির দেশ, যেখানে অন্যান্য ধর্মীয় ও অবাঙ্গালীরা সর্বদা বাংলদেশে একটু চাপের মধ্যে থাকে।

সঠিক নীতি প্রণয়ন ও কর্মসূচি ব্যতীত বাংলাদেশে সংখ্যালঘু অধিকারগুলির সামগ্রিক বিকাশে কোনও ইতিবাচক পরিবর্তন নিশ্চিত করা সম্ভব নয়।

## ভিশন

বাংলাদেশের সংখ্যালঘু সম্প্রদায়ের মানবাধিকার, তাদের অর্থনৈতিক উনড়বয়নের জন্য সাংস্কৃতিক ঐতিহ্য ও ভাষা সংরক্ষণ, শিক্ষা ও দক্ষতার বিকাশ শক্তিশালীকরণ এবং নারী ও আইনী ক্ষমতায়ন প্রচারের জন্য মানবাধিকার প্রবর্তন।

## মিশন

একটি শান্তিপূর্ণ, দারিদ্র্য এবং সহিংসতা মুক্ত বিশ্ব যেখানে বিশেষ করে সংখ্যালঘু, ক্ষমতাহীন ও প্রান্তিক, মর্যাদা ও আশা সহকারে বেঁচে থাকতে সমান সুযোগ পাবে।

# সম্পাদিত কার্যাবলি

১লা জুন ২০১৩ হতে ৩১শে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত

নাগরিক উদ্যোগ ও কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর পার্টনারশিপ

প্রকল্প: বাংলাদেশের ভাষাভিত্তিক সংখ্যালঘুদের ক্ষমতায়নের মাধ্যমে নাগরিক অধিকার প্রতিষ্ঠা করা।

## নাগরিক উদ্যোগ ও কাউন্সিল অফ মাইনোরিটিজ-এর অংশীদারীত্ব প্রকল্প

| | |
|---|---|
| **প্রকল্পের নাম** | বাংলাদেশের ভাষাভিত্তিক সংখ্যালঘুদের ক্ষমতায়নের মাধ্যমে নাগরিক অধিকার প্রতিষ্ঠা করা। |
| **প্রকল্পের মেয়াদকাল** | জুন' ২০১৩ - মে' ২০১৪ (বর্তমান বছর জুন ২০১৩ হতে ডিসেম্বর ২০১৩) |
| **কর্ম এলাকা** | ঢাকা (মোহাম্মদপুর ও মিরপুর), চট্টগ্রাম, ময়মনসিংহ, সৈয়দপুর, খুলনা |

### প্রকল্পের লক্ষ্য

উর্দুভাষী জনগোষ্ঠীর মধ্যে নাগরিক অধিকার, সুনাগরিকের দায়িত্ব ও কর্তব্য, জাতীয় পরিচয়পত্রের উপকারিতা ও ব্যবহার সম্পর্কে সচেতনতা সৃষ্টি।

### উদ্দেশ্যসমূহ

**উদ্দেশ্য ১** : বাংলাদেশে বিভিন্ন ক্যাম্পে বসবাসকারী ভাষাগত সংখ্যালঘু জনগোষ্ঠীর যুবক-যুবতীর মধ্যে প্যারালিগ্যাল গঠনের মাধ্যমে সাধারণ জনগণকে নাগরিক অধিকার এবং সুনাগরিকের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা।

**উদ্দেশ্য ২** : প্যারালিগ্যাল কার্যক্রমের মাধ্যমে ভাষাগত সংখ্যালঘু জনগোষ্ঠীর মধ্যে জাতীয় পরিচয়পত্রের গুরুত্ব, উপকারিতা ও ব্যবহার সম্পর্কে সচেতন করা।

**সুবিধাভোগী** → বাংলাদেশের বিভিন্ন ক্যাম্পে বসবাসকারী উর্দুভাষী জনগোষ্ঠী

## প্রকল্পের কার্যবিবরণী

এই প্রকল্পে বিভিন্ন ক্যাম্পে বসবাসকারী ১০ জন উর্দুভাষী যুবক-যুবতীদেরকে ৩ দিনের বেসিক প্যারালিগাল ট্রেনিং প্রদান করা হয় । উক্ত ট্রেনিং-এ মানবাধিকার ও সু-নাগরিকের দায়িত্ব র্কতব্য সর্ম্পকে সচেতনতা সৃষ্টি করার জন্য প্যারালিগালদেরকে প্রশিক্ষণ দেওয়া হয় । এর সাথে সাথে সিভিল ডকুমেন্টস্ যথাক্রমে জন্ম সনদ, কমিশনার সার্টিফিকেট, পাসপোর্ট, ট্রেড লাইসেন্স ও জাতীয় পরিচয়পত্র সম্পর্কিত আইন বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হয় । এই প্রশিক্ষণের উদ্দেশ্য হল ক্যাম্পবাসীর মধ্যে উক্ত বিষয় সর্ম্পকে সচেতনতা সৃষ্টি করা । এই প্রকল্পের মাধ্যমে ৫টি জেলা শহরে যথাক্রমে মোহাম্মদপুর, মিরপুর, খুলনা, ময়মনসিংহ, চট্রগ্রাম এবং সৈয়দপুরের ক্যাম্পগুলোতে ১০ জন প্যারালিগাল কাজ করছেন ।

**মূল তথ্য এবং পরিসংখ্যান- জানুয়ারি ২০১৯ হতে ডিসেম্বর ২০১৯**

**মোট সম্পাদিত কার্য - ৮৩৫ জনকে সেবা প্রদান**

| ৭৪০ | ৬৮ | ০৬ | ১০ | ১১ | ৪৩ |
|---|---|---|---|---|---|
| জন্ম সনদ | কমিশনার সার্টিফিকেট | জাতীয় পরিচয়পত্র | পাসপোর্ট | ট্রেড লাইসেন্স | ব্যাংক হিসাব |

## জুন ২০১৩ হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত সম্পাদিত কার্যাবলি

| এলাকা | জন্ম সনদ | কমিশনার সার্টিফিকেট | পাসপোর্ট | | ট্রেড লাইসেন্স | | জাতীয় পরিচয়পত্র | | জি ডি | ব্যাংক হিসাব | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | প্রাপ্তি | রিনিউ | নতুন | রিনিউ | নতুন | রিনিউ | | | |
| চট্রগ্রাম | ৮০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২ | ০ | ০ | ০ | ৮২ |
| খুলনা | ৭৭ | ৫৫ | ৩ | ০ | ৬ | ৩ | ০ | ০ | ০ | ০ | ১৪৪ |
| মোহাম্মদপুর | ২৯৬ | ৬ | ২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৩০৭ |
| মিরপুর | ১২ | ১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫৪ |
| ময়মনসিংহ | ৪৮ | ৪ | ২ | ০ | ০ | ২ | ৪ | ০ | ০ | ০ | ৬০ |
| সৈয়দপুর | ২২৭ | ২ | ৩ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২৩২ |
| মোট | ৭৪০ | ৬৮ | ১০ | ০ | ৬ | ৫ | ৬ | ০ | ০ | ০ | ৮৩৫ |

# জুন ২০১৩ হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত সম্পাদিত কার্যাবলি












# দলীয় সভা

ঢাকার - (মোহাম্মদপুর ও মিরপুর),খুলনা, ময়মনসিংহ, চট্রগ্রাম এবং সৈয়দপুরের কর্ম এলাকায় উর্ক্ত বছরের মধ্যে মোট ৭১ টি দলীয় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় মোট ৭৫১ জন ক্যাম্পবাসী অংশগ্রহণ করেন যার মধ্যে পুরুষ ২১৪ জন ও নারী ৫৩৭ জন। সভায় নাগরিকের অধিকার ও সুনাগরিকের দায়িত্ত্ব কর্তব্য সম্পর্কে বিশদ আলোচনা করা হয়, কমিশনার সার্টিফিকেট,জাতীয় পরিচয়পত্র, পাসপোর্ট, বাল্য বিবাহ।সাধারণ আইন যেমন: জিডি, দেওয়ানী মামলা, ফৌজদারী মামলা, পুলিশ কেইস,পিটিশন কেইস এবং জাতীয় পরিচয়পত্রের গুরুত্বও ইহার ব্যবহার সম্পর্কে ক্যাম্পবাসীদের অবহিত করা হয়।

| স্থান | সংখ্যা | উপকারভোগী | | |
|---|---|---|---|---|
| | | পুরুষ | নারী | মোট |
| মোহাম্মদপুর | ১০ | ১৮ | ৮৪ | ১০২ |
| মিরপুর | ৯ | ৪০ | ৫০ | ৯০ |
| ময়মনসিংহ | ৮ | ৪৪ | ৪৫ | ৮৯ |
| সৈয়দপুর | ১৩ | ৩৪ | ১৬০ | ১৯৪ |
| খুলনা | ১৮ | ৬১ | ১১৩ | ১৭৪ |
| চট্টগ্রাম | ১৩ | ১৭ | ৮৫ | ১০২ |
| মোট | ৭১ | ২১৪ | ৫৩৭ | ৭৫১ |






"We are extricating ourselves from a system that insulted our common humanity by dividing us from one another on the basis of race and setting us against each other as oppressed and oppressor. That system committed a crime against humanity."

**-*Nelson* Mandela**

COUNCIL OF MINORITIES

বাড়ি নং ১৮/৮, ব্লক-এফ, টিক্কাপাড়া, রিং রোড, মোহাম্মাদপুর, ঢাকা-১২০৭
মোবাইল নং : ০১৯১১-৪৭৯০৭৩
ই-মেইল: ***info@com-bd.org*** , ওয়েব: ***www.com-bd.org***